

রাজনৈতিক লেজুড়বৃত্তির कारणे ছাত্র রাজনীতি কলুষিত হয়ে পড়েছে

এরশাদ

কাগজ প্রতিবেদক : জাতীয় পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি এরশাদ বলেনছেন, রাজনৈতিক দূষণের কারণে ছাত্র রাজনীতি আজ কলুষিত হয়ে পড়েছে। এ কারণে ছাত্র রাজনীতির গৌরবোজ্জ্বল ইতিহাসও আজ মানুষ ভুলতে বসেছে।

গতকাল শনিবার বিকালে ভোপখানা রোডে কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় ছাত্র সমাজের কেন্দ্রীয় কমিটির নবনির্বাচিত নেতৃবৃন্দের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তব্যে এরশাদ এ কথা বলেন। সভায় সভাপতিত্ব করেন জাতীয় ছাত্র সমাজের নবনির্বাচিত সভাপতি ফররুক ইসলাম খুইয়া মিল্টন। এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পার্টির মহাসচিব এ.ডি.এম. কামাল আমিন হাওলাদার, প্রিন্সিপ্যাল

• এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫

রাজনৈতিক লেজুরবৃত্তি

• শেষের পাতায় পর

সিন্দা সৈয়দ আবু হোসেন বাবলা, পরিউল আলম প্রধান, শেখ শওকত হোসেন নিলু, অতিরিক্ত মহাসচিব আনোয়ার হোসেন প্রমুখ।

এরশাদ বলেন, ছাত্র রাজনীতির গৌরবোজ্জ্বল ইতিহাস ফিরিয়ে এনে দেশ গঠনে ছাত্র সমাজকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে, তিনি বলেন, ছাত্র সমাজই আগামী পথ নির্দেশক দেশ সেবায় ছাত্র সমাজই বিশেষ ভূমিকা পালন করতে পারে। যার অনেক প্রমাণ অতীতে রয়েছে। তিনি বলেন, সত্বাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান ও পড়াশেখার দৃষ্ট পরিবেশ ফিরিয়ে আনতে কর্মতায় থাকাকালে শিক্ষাসনে ছাত্র রাজনীতি বন্ধের জন্য জাতীয় নেতৃবৃন্দকে আহ্বান করেছিলেন। কিন্তু সেদিন নিজেদের বার্থের কথা বিবেচনা করে কেউ এ আহ্বানে সাড়া দেননি। যার কারণে পরবর্তী সময়ে ছাত্র রাজনীতি রাজনৈতিক দলের লেজুড়ে পরিণত হয়।

সাবেক রাষ্ট্রপতি আরো বলেন, জাতীয় পার্টির সৃষ্টির কথা জনগণের মাঝে তুলে ধরতে হবে। আর এ দায়িত্ব একমাত্র ছাত্র সমাজকেই পালন করতে হবে। তিনি বুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছাত্র সমাজের জিভি শক্ত করে আগামীতে জাতীয় পার্টির রাষ্ট্রীয় কর্মতায় যাওয়ার পথ সুগম করার জন্য ছাত্র সমাজ নেতৃবৃন্দকে আহ্বান দেন। এ জন্য এখন থেকেই মাঠ গমিয়ে চলতে সুসংগঠিত করার পরামর্শ দেন।